

সূরা - ৭৭

প্রেরিতপুরুষগণ

(আল-মুর্সালাত্, :১)

মকায় অবতীর্ণ

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

পরিচ্ছদ - ১

- ১ ভাবো প্রেরিতপুরুষগণের কথা— একের পর এক,
- ২ আর ভাবো বাড়ের মতো আসা দমকা হাওয়ার কথা,
- ৩ আর ভাবো যারা ছড়াচে ছড়ানোর মতো,
- ৪ তারপর আলাদা করে দেয় আলাদা করণে,
- ৫ তারপর গেঁথে দেয় স্মারক গ্রন্থ,—
- ৬ পরিশোধিত করতে অথবা সতর্ক করতে।
- ৭ নিশ্চয় তোমাদের যা ওয়াদা করা হয়েছে তা অবশ্যই ঘটতে যাচ্ছে।
- ৮ সুতরাং যখন তারাণ্ডলো ঝিমিয়ে পড়বে।
- ৯ আর যখন আকাশ ভেঙ্গে পড়বে,
- ১০ আর যখন পাহাড়গুলোকে উড়িয়ে দেওয়া হবে,
- ১১ আর যখন রসূলগণকে নির্ধারিত সময়ে নিয়ে আসা হবে—
- ১২ কোন্ সে দিনের জন্য ধার্য রাখা হয়েছে?
- ১৩ ফয়সালার দিনের জন্য।
- ১৪ আর কী তোমাকে বুঝাতে দেবে ফয়সালার দিনটি কি?
- ১৫ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের জন্য!
- ১৬ আমরা কি পূর্ববর্তীদের নিধন করি নি?
- ১৭ তারপর পরবর্তীদেরও আমরা তাদের অনুগমন করাব।
- ১৮ এইভাবেই আমরা অপরাধীদের প্রতি আচরণ করে থাকি।
- ১৯ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ২০ তোমাদের কি আমরা সৃষ্টি করি নি এক তুচ্ছ জলীয় পদার্থ থেকে?
- ২১ তারপর আমরা তা স্থাপন করি এক সুরক্ষিত স্থানে,—
- ২২ এক অবহিত পরিমাপ পর্যন্ত;

- ২৩ তারপর আমরা বিন্যস্ত করি; সুতরাং কত নিপুণ বিন্যাসকারী আমরা!
- ২৪ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ২৫ আমরা কি পৃথিবীটাকে বানাই নি আধাররূপে—
- ২৬ জীবিত ও মৃত,—
- ২৭ আর তাতেই তো আমরা বানিয়েছি উঁচু পাহাড়-পর্বত, আর তোমাদের পান করতে দিয়েছি সুপেয় পানি?
- ২৮ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ২৯ “তোমরা চলো তারই দিকে যাকে তোমরা অস্মীকার করতে,—
- ৩০ “চলো সেই ছায়ার দিকে যার রয়েছে তিনটি স্তর,—
- ৩১ “যা ছায়াময় নয় এবং অগ্নিশিখা থেকে রক্ষা করার মতোও নয়।
- ৩২ “নিঃসন্দেহ এটি স্ফুলিঙ্গ তোলে অট্টালিকার আকারে,
- ৩৩ “যেন সেগুলো হলুদবরণ উটের পাল।”
- ৩৪ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ৩৫ এ হচ্ছে ঐ দিন যেদিন তারা কোনো কথা বলতে পারবে না,
- ৩৬ আর তাদের অনুমতি দেওয়া হবে না যেন তারা অজুহাত দেখাতে পারে।
- ৩৭ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ৩৮ এই হচ্ছে ফয়সালা করার দিন; আমরা তোমাদের সমবেত করেছি, আর পূর্ববর্তীদেরও।
- ৩৯ সুতরাং তোমাদের যদি কোনো কলাকৌশল থাকে তাহলে আমার বিরুদ্ধে অপকৌশল চালাও।
- ৪০ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!

পরিচ্ছন্দ - ২

- ৪১ নিশ্চয় ধর্মভীরুরা থাকবে স্নিঘছায়ায় ও ফোয়ারাগুলোতে,
- ৪২ আর ফলফসলের মধ্যে যা তারা পেতে চায়।
- ৪৩ “খাও আর পিয়ো মহানন্দে যা তোমরা করে চলেছিলে সেজন্য।”
- ৪৪ নিঃসন্দেহ এইভাবেই আমরা প্রতিদান দিই সৎকর্মশীলদের।
- ৪৫ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ৪৬ খাও-দাও আর ভোগ করে নাও অল্পকালের জন্য— তোমরা তো অপরাধী!”
- ৪৭ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ৪৮ আর যখন তাদের বলা হয় “নত হও”, তারা নত হয় না।
- ৪৯ ধিক্ সেইদিন সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রতি!
- ৫০ অতএব এর পরে আর কোন্ বাণীতে তারা বিশ্বাস করবে?